

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

জয়পুরহাট সরকারি কলেজ, জয়পুরহাট ।
website: jgcbd.edu.bd

স্মারক নং-জসক/৯০১/১৫

তারিখঃ ০৩/১০/২০১৫

২০১৫ সালের ডিগ্রি (পাস) বি.এ/ বি.এস.এস/বি.বি.এস/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৫ সালের ডিগ্রি (পাস) বি.এ/বি.এস.এস/বি.বি.এস/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় প্রাইভেট প্রার্থী হিসেবে অংশগ্রহণেচ্ছুদের রেজিস্ট্রেশন সংক্রান্ত নিয়মাবলী নিম্নে দেয়া হলোঃ

১. প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করার সময়সীমা :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের <http://www.nubd.info/degree-pass> তে Apply to Online Degree Private Registration (For Students) থেকে আবেদন ফরম পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৫/১০/২০১৫ তারিখ পর্যন্ত জমা দিতে হবে। ছবির মাপ (১২০×১৫০) পিক্সেল, ইমেজ টাইপ JPG এবং ম্যাক্সিমাম ফাইল সাইজ ৫০ কেবি।

২. রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা :

- বাংলাদেশে বসবাসকারী যে সকল প্রার্থী ২০১৪ সাল বা তৎপূর্বে স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস করেছে অথবা জি.সি.ই 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ০৩ (তিন) টি বিষয়ে এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থীগণ ২০১৫ সালের ডিগ্রি (পাস) (বি.এ/বি.এস.এস/বি.বি.এস) কোর্সের প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- যে সকল প্রার্থী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ২০১৪ সাল বা তৎপূর্বে আলীম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- স্নাতক ডিগ্রীধারী যে কোন ছাত্র/ছাত্রী (যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া) নিম্নে উল্লিখিত (৪ পত্র বিশিষ্ট) যে কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে। বিষয় সমূহঃ বাংলা(ঐচ্ছিক), ইংরেজী(ঐচ্ছিক), আরবী, উর্দু, ফার্সী, সংস্কৃত, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, পালি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স ও ব্যাংকিং।
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না।
- যেসকল বিষয়ে মার্চকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে, সেসকল বিষয়ে ডিগ্রি(পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।

৩. ফিসের হার :

রেজিস্ট্রেশন ফি, তালিকাভুক্তি ফি ও আনুসঙ্গিক ফি বাবদ সর্বমোট ১০০০/- (এক হাজার) টাকা জমা দিতে হবে।

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে প্রাইভেট প্রার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচী অনুসরণ করবে।

৪. নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে :

- মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক(পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (মূল সনদপত্র ও নম্বরপত্র স্ব স্ব কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন)।
- কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন ১ম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠ বিরতির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- সাদা কাগজে পরীক্ষার্থীর ০৩(তিন) টি সত্যায়িত নমুনা স্বাক্ষর এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত দু'কপি রঙ্গীন ছবি জমা দিতে হবে। **এখানে উল্লেখ্য যে, যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনি ছবিও সত্যায়িত করবেন।**
- সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ থাকতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য অফিস অথবা কমিটির সাথে যোগাযোগ করা যাবে।

অধ্যক্ষ
জয়পুরহাট সরকারি কলেজ
জয়পুরহাট।

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ
- ২। সকল বিভাগীয় প্রধান
- ৪। আহ্বাক, ডিগ্রি পাস পরীক্ষা কমিটি-২০১৫
- ৪। প্রধান সহকারী/হিসাব রক্ষক/ক্যাশিয়ার
- ৫। আইসিটি বিভাগ
- ৬। নোটিশ বোর্ড
- ৭। অফিস নথি।